যুগান্তর

তারিখ ০৭ DEC 2016
পৃষ্ঠা ৩ কলাম ৭

ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে শিক্ষামন্ত্রী

# অর্জিত জ্ঞান মানুষের কল্যাণে কাজে লাগাতে হবে

যুগান্তর রিপোর্ট

বেসরকারি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের একাদশ সমাবর্তন সোমবার বসুন্ধরা আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয় চ্যান্সেলর রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের পক্ষে সমাবর্তন অনুষ্ঠান উদ্বোধন করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এতে বিশেষ অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। ভারতের প্রখ্যাত চলচ্চিত্র অভিনেত্রী ও সমাজকর্মী শাবানা আজমী এতে সমাবর্তন প্রধান বক্তা হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানে আলো ছড়ান। এছাড়া উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারপারসন স্যার ফজলে হাসান আবেদ, উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ সাদ আন্দালিব। অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ নবীন গ্র্যাজুয়েটদের অভিনন্দন জানিয়ে বলেন, তোমাদের প্রজন্মকে নৈতিক মূল্যবোধ ও দেশপ্রেমে উজ্জীবিত হয়ে পূর্ণাঙ্গ মানুষ হিসেবে গড়ে উঠতে হবে। তিনি অর্জিত জ্ঞান ও দক্ষতা মানুষের কল্যাণে এবং উন্নত জাতি গঠনে কাজে লাগাতে

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## অর্জিত জ্ঞান মানুষের

(৩য় পৃষ্ঠার পর)

গ্র্যাজুয়েটদের প্রতি আহ্বান জানান। এতে অন্য বক্তারা শিক্ষাজীবনের এই অর্জনের দ্বারা উদ্বুদ্ধ হয়ে ভবিষ্যতে আরও ভালো করার জন্য শিক্ষার্থীদের অনুপ্রাণিত করেন।

'ইন্সপায়ারিং এক্সিলেন্স' প্রতিপাদ্য উপজীব্য করে আয়োজন করা হয় এবারের সমাবর্তন। অনুষ্ঠান উৎসবমুখর, বর্ণিল ও আকর্ষণীয় করে তুলতে বিশ্ববিদ্যালয়কে মনোরম সাজে সাজানো হয়েছিল। বেলা আড়াইটার দিকে শিক্ষামন্ত্রী সমাবর্তনস্থলে উপস্থিত হন। এরপর সমাবর্তন শোভাযাত্রার মাধ্যমে কার্যক্রম শুরু হয় অনুষ্ঠানের।

এবারের সমাবর্তনে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে ১২৮৩ শিক্ষার্থী অংশ নেন। সমাবর্তনে ভালো ফলাফলের জন্য ২ শিক্ষার্থীকে 'চ্যান্সেলর স্বর্ণপদক' দেয়া হয়। এছাড়া 'ভাইস চ্যান্সেলর' স্বর্ণপদক দেয়া হয় আরও ২৯ শিক্ষার্থীকে।